শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

দয়ালু শমরিয়



লেখক: Edward Hughes
চিত্রাংকন: M. Maillot; Lazarus
অভিযোজন: Ruth Klassen; Sarah S.

Alastair Paterson

অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা ।



“গুরু, অনন্ত জীবন পাওয়ার জন্য আমার কী করা উচিত?” এই প্রশ্নটা যে মানুষটি করেছিল, সে একজন উকিল। সে যীশুকে ভ্রান্ত করার চেষ্টা করছিল। যীশু উত্তর দিল, “ঈশ্বরের আইন কী বলে?”

লোকটি উত্তর দিল, “ঈশ্বরকে ও তোমার প্রতিবেশিকে প্রেম কর। কিন্তু কে আমার প্রতিবেশি?”

ঐ মানুষটির প্রশ্নের উত্তর দিতে গিয়ে যীশু একটি গল্প বললেন। একটি লোক জেরুশালেমের রাস্তা দিয়ে যিহীহোতে যাচ্ছিল। লোকটি দস্যুদের দ্বারা আক্রান্ত হল।

তারা তার কাছে যা ছিল সবই নিয়ে নিল। এমনকি তার কাপড়ও নিয়ে নিল। তারা তাকে ক্ষতবিক্ষত করে, অর্ধমৃত অবস্থায় রাস্তার এক পাশে ছেড়ে চলে গেল।



হঠাৎ সেই স্থান দিয়ে এক পুরোহিত আসল। অবশ্যই তিনি ক্ষতবিক্ষত লোকটিকে সাহায্য করবেন। না! যখন তিনি রক্তাত্ব লোকটিকে দেখলেন, তখন তিনি রাস্তার অন্য দিক দিয়ে পার হয়ে গেলেন।



শীঘ্র ক্ষণিকের ভিতর আর একজন মানুষ তার দিকে এলেন। তিনি লেবীয় ছিলেন, তিনি মন্দিরে পুরোহিতকে সাহায্য করতেন। তিনি ক্ষতবিক্ষত লোকটির দিকে এলেন ও তাকালেন। কিন্তু সাহায্য না করেই চলে গেলেন।



অবশেষে এক শমরীয় মানুষ তার কাছে এলেন। ইহুদি লোকরা শমরিয়দের ঘৃণা করতেন।

যীশুর গল্প যে লোকেরা শুনছিল, তারা আশা করতে পারছিল না যে, শমরিয় ব্যক্তিটিই নায়ক হবে, কিন্তু সেই-ই নায়ক হয়েছিল। শমরিয় ব্যক্তিটি তাকে সাহায্য করার জন্য দাঁড়ায় এবং তার দেখাশোনা করে।

শমরিয় লোকটা নিচু হয়ে তার ঘায়ে আস্তে আস্তে করে ওষুধ লাগিয়ে কাপড় দিয়ে বেঁধে দিল।

তাকে রাস্তার ধারে একটি পান্থশালায় নিয়ে এল। সারা রাত শমরিয় ব্যক্তিটি তার দেখাশোনা করল।

যতক্ষণ না লোকটা সুস্থ হয়ে ওঠে, ততক্ষণ লোকটাকে দেখাশোনা করার জন্য, সকালবেলায় সে পান্থশালার মালিককে টাকা দিল।

গল্পটি শেষ হল। যীশু জিজ্ঞাসা করলেন, “এই ক্ষতবিক্ষত লোকটির প্রতিবেশি কে?”



উকিলটি উত্তর দিল, “তার
প্রতিবেশি হল ঐ শমরিয় ব্যক্তি,
যে তার প্রতি সহানুভূতি
দেখিয়েছিল।”

যীশু উত্তর দিলেন, “যাও, আর সেইরকম কর।” দরকারের সময় যে পাশে থাকে, সেই হল প্রতিবেশি। দরকারের সময় মানুষকে সাহায্য করে আমরা আমাদের প্রেম দেখাতে পারি, আর এটা ঈশ্বরকে খুশি করে।

দয়ালু শমরিয়

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

লুক ১০

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে ।"
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জাননে।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬